দিনাজপুর বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান– ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ মি. আতিক একজন ক্ষুদ্র ব্যবসায়ী। ব্যবসায়ের প্রয়োজনে তিনি তার এলাকার একটি ব্যাংকের সাথে বিভিন্ন ধরনের লেনদেন করেন। ব্যবসায় সম্প্রসারণের উদ্দেশ্যে তিনি ৫০,০০০ টাকা ঋণ সহায়তার জন্য তার ব্যাংক-এ আবেদন করেন। ব্যাংকের SLR ২০%। সম্প্রতি কেন্দ্রীয় ব্যাংক মুদ্রা সংকোচন নীতির আওতায় এক সার্কুলারের মাধ্যমে ব্যাংক হার ও জমার হার বৃদ্ধি করায় আতিকের ব্যাংকটি ঋণ সহায়তা দিতে অপারগতা প্রকাশ করে।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১

খ. শাখা ব্যাংক বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আতিকের ব্যাংকটি কী পরিমাণ ঋণ-আমানত সৃষ্টি করতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে আতিকের ব্যাংকটি কেন ঋণ সহায়তা দিতে অপারগতা প্রকাশ করল তার যথার্থতা মূল্যায়ন করো। ৪

২.▶ মি. সুমনের ব্যবসায় প্রতিষ্ঠানের পাশেই নতুন একটা ব্যাংক শাখা খোলা হচ্ছে। শাখা ম্যানেজার বললেন, আপনাকে এমন হিসাব খুলে দেই যেখান থেকে আপনি দিনে যতবার খুশি টাকা জমা দিতে ও উঠাতে পারবেন। চাইলে জমাতিরিক্ত ঋণও নিতে পারবেন। বেশি টাকা জমা থাকলে তার ওপর স্বল্পকালীন সময়ের জন্য সুদ পাবেন।

ক. KYC কী? ১

খ. 'ব্যাংক হিসাব হলো ব্যাংকিং সেবা গ্রহণের প্রবেশদ্বার'- বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের শাখা ম্যানেজার মি. সুমনকে যে হিসাব খোলার পরামর্শ দিয়েছেন সেটি কোন ধরনের হিসাব? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মি. সুমনের হিসাবে জমার পরিমাণ মাত্রাতিরিক্ত কম হলে তার সুদ প্রাপ্তিতে কি কোনো ধরনের প্রভাব পড়বে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩.▶ রমজান আলী একজন সাধারণ কৃষক। অভাব-অনটন লেগেই আছে। ব্যাংক ব্যবস্থার সাথে তার কোনো পরিচয় নেই। একজন কৃষি কর্মকর্তার সাথে আলাপচারিতায় গ্রামীণ অর্থনীতি উন্নয়নের বিভিন্ন দিক সম্পর্কে তিনি জানতে পারেন। এখন তিনি এমন একটি তালিকাভুক্ত ব্যাংক খুঁজছেন যা তাকে একাধারে স্বল্প সুদে কৃষি উন্নয়নে ঋণ সহায়তা দিতে পারে এবং ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় আমানত হিসাবে জমা রাখার সুযোগ দিতে পারে।

ক. ব্যাংক কী? ১

খ. তারল্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে রমজান আলীর চিন্তা-ভাবনার আলোকে কোন ধরনের ব্যাংক তাকে সহায়তা দিতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যাংকটি কি রমজান আলীর পরিকল্পনা বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখতে পারবে? তোমার মতামত দাও। ৪

৪.▶ দেশে হঠাৎ করে অর্থনৈতিক মন্দা দেখা দেয়ায় বাংলাদেশ ব্যাংক খুবই উদ্বিগ্ন। পরিপত্র জারি করেছে এখন থেকে তাদের থেকে ঋণ নিতে ব্যাংকগুলোকে ১% অধিক হারে অর্থাৎ ৬% হারে সুদ দিতে হবে। কিছু ব্যাংক এটা না মানায় দ্বিতীয় পরিপত্রে জমা সঞ্চিতি ১% বৃদ্ধি করেছে। এতেও দু-একটা কার্যকর সাড়া না দেয়ায় বাংলাদেশ ব্যাংক তাদের ঋণ সুবিধা স্থগিত করেছে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. খোলাবাজার নীতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের ১ম জারিকৃত পরিপত্র ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির মধ্যে পড়ে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঋণ সুবিধা স্থগিত করার সিদ্ধান্ত নেয়ার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৫.▶ রহিম, করিমের কাছ থেকে ৫ লক্ষ টাকার একটি চেক পেল। করিম চেকটির বাম কোণে আড়াআড়িভাবে দু'টি রেখা টেনে তার মাঝখানে প্রাইম ব্যাংক লিমিটেড কথাটি লিখে দিল। রহিম চেকটি তার এক্সিম ব্যাংক শাখায় উপস্থাপন করলে ব্যাংকটি তাকে তার চেকটি প্রাইম ব্যাংক শাখায় উপস্থাপনের পরামর্শ দিল।

ক. আদেষ্টা কে? ১

খ. হস্তান্তরযোগ্য ঋণের দলিল বলতে কী বোঝায়? ২

গ. করিম কী প্রক্রিয়ায় চেকে টাকা উত্তোলন করতে পারবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের চেকটি কি ঋণ আমানত সৃষ্টি করতে পারে বলে তুমি মনে করো? ব্যাখ্যা করো। ৪

৬. ▶ মি. রায়হান একজন সুপ্রতিষ্ঠিত উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। তার কিছু পণ্য সবসময় শিল্প গুদামে, কিছু আঞ্চলিক গুদামে, কিছু বন্দরের সংরক্ষিত গুদামে জমা থাকে। তিনি ছড়িয়ে-ছিটিয়ে থাকা পণ্যের নিরাপত্তা নিয়ে ভাবেন। তাই একটিমাত্র বিমাপত্রের আওতায় তার সকল পণ্যের বিমা করেন। একদিন হঠাৎ করে আঞ্চলিক কেন্দ্রে রক্ষিত পণ্য আগুনে পুড়ে সম্পূর্ণ নষ্ট হয়ে যায়। তিনি যথানিয়মে বিমা দাবি উপস্থাপন করেন।

ক. অগ্নি অপচয় কী? ১

খ. মূল্যায়িত বিমাপত্র বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে মি. রায়হান কী ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. রায়হান কি বিমা দাবি পাওয়ার অধিকারী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ মি. সাজ্জাদ একজন বৈমানিক। অত্যন্ত ঝুঁকিপূর্ণ একটি পেশায় নিয়োজিত থাকায় তার পরিবারের কথা চিন্তা করে তিনি এককালীন কিস্তি পরিশোধের ভিত্তিতে ৫ বছর মেয়াদি একটি জীবন বিমাপত্র ক্রয় করেন। ৫ বছর অতিবাহিত হলে তিনি বিমা দাবি করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে। অন্যদিকে মি. আলমগীর ১৮ বছর মেয়াদি একটি জীবন বিমাপত্র গ্রহণ করেন। ৫ বছর অতিক্রান্ত হওয়ার পর হঠাৎ হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি মারা যান। মি. আলমগীরের স্ত্রী দাবি উপস্থাপন করলে বিমা কোম্পানি দাবি পরিশোধ করে।

ক. সমর্পন মূল্য কী? ১

খ. মৃত্যুহার পঞ্জি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. সাজ্জাদ যে বিমাপত্র ক্রয় করেছেন তা মেয়াদের ভিত্তিতে কী ধরনের বিমাপত্র? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ২য় বিমাপত্রটি একই সাথে বিনিয়োগ ও আর্থিক সুরক্ষার সুযোগ দেয়- তোমার মতামত দাও। ৪

৮.▶ মি. শিকদার একজন প্রতিষ্ঠিত শিল্পপতি। তিনি তার শিল্পের সম্প্রসারণে এমন একটি নতুন প্রকল্প হাতে নিতে চাচ্ছেন, যেখানে মোটা অঙ্কের বিনিয়োগ প্রয়োজন সেখানে ঝুঁকিও প্রচুর। তার বিনিয়োগযোগ্য মূলধন (সম্পত্তি) হারানোর ভয়ে বিমা কোম্পানির কাছে বিমা করতে গেলে বিমা কোম্পানি বিমা করতে অপারগতা জানায়।

ক. বিশুদ্ধ ঝুঁকি কী? ১

খ. আর্থিক ক্ষতিপূরণের নীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. শিকদারের বিনিয়োগযোগ্য মূলধন কী ধরনের ঝুঁকি? বিমা ব্যবসায়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মি. শিকদারের নতুন প্রকল্প বিমা প্রতিষ্ঠান বিমা করতে অপারগতা জানানো কি ন্যায়সঙ্গত হয়েছে বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

৯.▶ জনাব আফজাল সমুদ্রে চলাচলকারী তার জাহাজটি সাউথ এশিয়া ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের নিকট ধাক্কাজনিত বিপদের জন্য বিমা করেন। সমুদ্রে চলাচলের সময় একটি ভাসমান বরফ খণ্ডের সাথে ধাক্কা লেগে কিছুটা ক্ষতির সম্মুখীন হয় এবং নিয়ন্ত্রণ হারিয়ে একটি সমুদ্র পাহাড়ে আটকে যায়। সমুদ্র পাহাড় থেকে নামাতে ক'দিন বিলম্ব হওয়ায় এতে বাহিত পণ্য পচে নষ্ট হয়ে যায়। জনাব আফজাল বিমা দাবি করলে বিমা কোম্পানি দাবি পরিশোধ করে কিন্তু পণ্যের মালিক বিমা দাবি করলে বিমা প্রতিষ্ঠান বিমা দাবি প্রত্যাখ্যান করে।

ক. সামুদ্রিক ক্ষতি কী? ১

খ. পণ্য নিক্ষেপণ (Jettison) বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জনাব আফজালকে বিমা কোম্পানি কী ধরনের ক্ষতিপূরণ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে পণ্যের মালিকের দাবি বিমা কোম্পানি কর্তৃক প্রত্যাখ্যান করার যৌক্তিক কারণ ব্যাখ্যা করো। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সময়– ৪০ মিনিট — পূর্ণমান– ৪০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. বর্তমানে বাণিজ্যিক ব্যাংকের তারল্যের হার কত?
ⓚ ১৭% ⓚ ১৮% ⓖ ১৯% ⓖ ২০%

২. গারনিশি শব্দটি কোন দেশীয় শব্দ?
ক) গ্রিক খ) ল্যাটিন
গ) জার্মানি ঘ) আমেরিকা

৩. কী উপায়ে কেন্দ্রীয় ব্যাংক অর্থনৈতিক স্থিতিশীলতা অর্জন করে?
ক) প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করে
খ) রাজনৈতিক সাহায্য গ্রহণ করে
গ) ক্ষমতার অপব্যবহার করে
ঘ) জনগণকে অর্থনৈতিক সহায়তা প্রদান করে

৪. জনাব B একজন ক্ষুদ্র ব্যবসায়ী। B ঋণ গ্রহণ ছাড়াও বাণিজ্যিক ব্যাংক থেকে যে সব সুবিধা পেতে পারেন–
i. সঞ্চয় বৃদ্ধি ii. পরামর্শ ও সেবা
iii. সীমিত সুদের হার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. কৃষির উন্নয়নে ব্যাংক ব্যবস্থা একটি গুরুত্বপূর্ণ ব্যবস্থা কারণ–
i. কৃষকদের বিভিন্ন মেয়াদি ঋণ প্রদান করে
ii. কৃষি ব্যবস্থাকে আধুনিকীকরণে সাহায্যে করে
iii. কৃষি জমির নিরাপত্তা প্রদান করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. Clearing house অর্থ কী?
ক) পরিষ্কার ঘর খ) নিকাশ ঘর
গ) ব্যস্ত ঘর ঘ) ব্যাংক ঘর

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।
মি. A বাংলাদেশ ব্যাংকের গভর্নর। তিনি লক্ষ করছেন অর্থ বাজারে অর্থের যোগান বেড়ে যাওয়ায় সমস্যা হচ্ছে। তাই বাজারে অর্থ সরবরাহ কীভাবে কমানো যায় এজন্য তিনি ব্যাংকের জি এম মি. B কে বললেন। মি. B গভর্নরকে বললেন, বাজারে অধিক অর্থ সরবরাহ সব সময় খারাপ না। গভর্নর সাহেব এতে সন্তুষ্ট হতে পারেন নি।

৭. মি. B কেন বলেছেন বাজারে অর্থ সরবরাহ বৃদ্ধি সব সময় খারাপ নয়? এর কারণ–
i. এতে বিনিয়োগ বৃদ্ধি পায়
ii. উৎপাদন বৃদ্ধি পায়
iii. কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. মি. A কেন জিএম সাহেবের কথায় সন্তুষ্ট হতে পারেননি?
ক) এতে মুদ্রা সংকোচন ঘটবে
খ) জিনিসের দাম বাড়বে
গ) দেশীয় মুদ্রার মূল্যমান বাড়বে
ঘ) বিনিয়োগ কমবে

৯. কোনটি প্রত্যাখ্যাত হওয়ার কোনো ঝুঁকি নেই?
ক) চেক খ) ব্যাংক ড্রাফট
গ) পে-অর্ডার ঘ) ক্যাশ কার্ড

১০. KYC-এর পূর্ণরূপ কী?
ক) Know your customer
খ) Know your criteria
গ) Krock your coridor
ঘ) Know your customer

১১. বিনিময় বিলের মাধ্যমে–
ক) স্বল্পমেয়াদি অর্থসংস্থান হয়
খ) দীর্ঘমেয়াদি অর্থসংস্থান হয়
গ) মধ্যেমেয়াদি অর্থসংস্থান হয়
ঘ) সরকারি অর্থসংস্থান হয়

উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।
মি. A প্রাইম ব্যাংক লি.-এর ব্যবস্থাপনা পরিচালক। তিনি তার তহবিলের অর্থ বিভিন্নভাবে ব্যবহারের মাধ্যমে মুনাফা অর্জনে সচেষ্ট হন। তিনি গ্রাহকদের রুচি চাহিদা বিবেচনা করে ব্যাংক আগাম প্রদান করেন।

১২. ব্যাংক তহবিলের কত ভাগ ব্যাংক আগাম খাতে ব্যবহার হয়?
ক) ৪০–৫০% খ) ৫০–৬০%
গ) ৬০–৭০% ঘ) ৬৫–৮০%

১৩. বাংলাদেশে সবচেয়ে বড় বাণিজ্যিক ব্যাংক কোনটি?
ক) রূপালী ব্যাংক খ) সোনালী ব্যাংক
গ) Bmjvgx eÅvsK evsjvG`k
ঘ) জনতা ব্যাংক

১৪. প্রতিটি ঋণ কী সৃষ্টি করে?
ক) সুদ খ) মুনাফা
গ) আমানত ঘ) বিনিয়োগ

১৫. ভ্রমণকারীর চেক ভাঙানো যায় কোথায়?
ক) ভ্রমণকারীর দেশে খ) নিজস্ব দেশে
গ) যেকোনো দেশে ঘ) নির্দিষ্ট স্থানে

১৬. মুদ্রাস্ফীতি যে কারণে হতে পারে–
ক) অর্থের ক্রয় ক্ষমতা কমে যাওয়া
খ) অর্থের যোগান কমে যাওয়া
গ) উৎপাদন বেড়ে যাওয়া
ঘ) অর্থের ক্রয় ক্ষমতা বেড়ে যাওয়া

১৭. জালিয়াতি ও প্রতারণা প্রতিরোধে ব্যাংকের করণীয়–
i. চেকে উল্লিখিত হিসাব নম্বর পরীক্ষা করা
ii. চেকের তারিখ পরীক্ষা করা
iii. চেকের স্বাক্ষর পরীক্ষা করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. ক্রয় ক্ষমতা তত্ত্বের উদ্ভাবক কে?
ক) অমর্ত্য সেন খ) গুস্টাভ ক্যাসেল
গ) পল স্যামুয়েলসন ঘ) এল রবিনস

১৯. শিক্ষা ব্যয় নির্বাহ কোন ধরনের ঋণ?
ক) বাণিজ্যিক দলিল ঋণ খ) অবাণিজ্যিক দলিল ঋণ
গ) বাণিজ্যিক ঋণ ঘ) অবাণিজ্যিক ঋণ

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।
মি. A ডাচ বাংলা ব্যাংকে হিসাব খুলেছে। সেখানে অনলাইন ব্যাংকিং সুবিধা বিদ্যমান। ব্যাংক তাকে বিভিন্ন আধুনিক সেবা সুবিধা অফার করেছে। মি. A মনে করেন দেশের পুরানো ব্যাংকগুলো এক্ষেত্রে যথেষ্ট পিছিয়ে আছে।

২০. মি. A যে ব্যাংক হিসাব খুলেছেন সেটা কোন ধরনর ব্যাংক?
ক) একক ব্যাংক খ) মিশ্র ব্যাংক
গ) শাখা ব্যাংক ঘ) চেইন ব্যাংক

২১. ব্যাংক মি. A কে যে সকল সুবিধার অফার করেছে তা হতে পারে–
i. ডেবিট কার্ড ii. ক্রেডিট কার্ড
iii. লকার ভাড়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii গ) iii ঘ) i, ii ও iii

২২. বিমাযোগ্য স্বার্থ সৃষ্টির জন্য বিমাকৃত সম্পত্তির ওপর বিমাগ্রহীতার কী থাকতে হবে?
ক) অধিকার খ) বিশ্বাস
গ) মালিকানা ঘ) নিশ্চয়তা

২৩. কোন দেশে প্রথম অগ্নিবিমা চালু হয়েছিল?
ক) ইতালি খ) ফ্রান্স গ) যুক্তরাজ্য ঘ) যুক্তরাষ্ট্র

উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রহমান চীন থেকে সমুদ্র পথে পেঁয়াজ আমদানি করেছে। ৫০ লক্ষ টাকা ক্ষতির কথা ভেবে যাত্রা পথে ক্ষতির বিপরীতে ৪০ লক্ষ টাকার একটি নৌ বিমা পত্র গ্রহণ করেছে এবং এককালিন ৪০ হাজার টাকা বিমা কোম্পানিকে প্রদান করলেন।

২৪. জনাব রহমান কোন শ্রেণির বিমাপত্র গ্রহণ করেছেন?
ক) অগ্নিবিমা খ) সামুদ্রিক বিমা
গ) জীবন বিমা ঘ) যাত্রা বিমা

২৫. বিমাকৃত বিষয়বস্তু ক্ষতিগ্রস্ত হলে বিমাকারী কত টাকা ক্ষতিপূরণ করবে?
ক) ৫০ লক্ষ খ) ৪০ লক্ষ
গ) ৯০ লক্ষ ঘ) ৪০ হাজার

২৬. জীবন বিমা চুক্তির অপরিহার্য উপাদান হচ্ছে–
ক) মানব জীবনের সাথে সংশ্লিষ্টতা
খ) বস্তুগত বিমাযোগ্য স্বার্থ
গ) মনোনয়নযোগ্য ঘ) হস্তান্তরযোগ্য

২৭. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় অধিক সুবিধাজনক?
ক) একক খ) শাখা গ) গ্রুপ ঘ) চেইন

২৮. লিয়েন কী?
ক) সম্পত্তির ওপর ঋণগ্রহীতার অধিকার
খ) সম্পত্তির ওপর ঋণদাতার অধিকার
গ) সম্পত্তির ওপর মালিকের অধিকার
ঘ) সম্পত্তির ওপর আদালতের অধিকার

২৯. প্রযুক্তিনির্ভর কম্পিউটারাইজ প্রক্রিয়ায় ব্যাংকিং কী রূপ হয়?
ক) দ্রুততর ও নির্ভুল খ) দ্রুততর ও ভুল
গ) মন্থর ও নির্ভুল ঘ) ত্রুটিযুক্ত ও মন্থর

৩০. রাজন সাহেব পূর্বে চেক বই দ্বারা টাকা তুলত। এখন তিনি একটি কার্ড দিয়ে টাকা উত্তোলন করেন। রাজন সাহেবের কার্ডটির নাম কী?
ক) GMT কার্ড খ) Punch কার্ড
গ) ATM কার্ড ঘ) এমএলএম কার্ড

৩১. ইলেকট্রনিক ব্যাংকিং সম্পর্কে উপযুক্ত তথ্য হলো-
i. এ ধরনের সেবা প্রদানে বেসরকারি ব্যাংকগুলো এগিয়ে রয়েছে
ii. এ সেবা অফিসসমূহের মধ্যে সহজলভ্য
iii. ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা পাওয়ার সুবিধা থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩২. ব্যাংক হিসাব খুললে আমানতকারীর কী বৃদ্ধি পায়?
ক) নাগরিক মর্যাদা খ) সামাজিক মর্যাদা
গ) রাষ্ট্রীয় মর্যাদা ঘ) গ্রাহক মর্যাদা

৩৩. বাংলাদেশে হস্তান্তরযোগ্য দলিল আইন কত সালের?
ক) ১৯৯১ সালের খ) ১৯৮১ সালের
গ) ১৯৮৩ সালের ঘ) ১৮৮১ সালের

৩৪. বিমাকৃত বিষয়বস্তুতে বিমাগ্রহীতার কোন স্বার্থ থাকে?
ক) অর্থনৈতিক স্বার্থ খ) চুক্তিভিত্তিক স্বার্থ
গ) বৈধ আর্থিক স্বার্থ ঘ) অনিশ্চিত স্বার্থ

৩৫. জনাব রহমান মালয়েশিয়া থেকে পেঁয়াজ আমদানি কালে তার পেঁয়াজ বাহী জাহাজ ঝড়ে ডুবে গেলে জাহাজের কাপ্তানের শারীরিক ক্ষতি হয়। জাহাজ ডুবে যাওয়া এবং কাপ্তানের শারীরিক যে ধরনের ক্ষতি হতে পারে–
i. সামুদ্রিক ii. অর্থনৈতিক
iii. রাজনৈতিক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৬. দেশের দারিদ্র্য দূরীকরণে যথেষ্ট ভূমিকা রাখে কোনটি?
ক) রেমিটেন্স খ) প্রত্যয়পত্র
গ) ডিমান্ড ড্রাফট ঘ) পোস্টাল অর্ডার

৩৭. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলার পেছনে অধিকতর যৌক্তিক কারণ কোনটি?
ক) আমানতকৃত অর্থ জমা করে বলে
খ) আমানতকৃত অর্থ ধার দেয় বলে
গ) ব্যাংক থেকে ধার নিয়ে ধার দেয় বলে
ঘ) ঋণদাতাদের থেকে ঋণ নিয়ে ঋণ দেয় বলে

উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।
মি. B-এর একটি ডেইরি ফার্ম রয়েছে। ভবিষ্যৎ অনিশ্চিত তাই বিপদ আপদ এবং আর্থিক সুবিধার কথা চিন্তা করে একটি বিমা চুক্তি করেছেন।

৩৮. দেশের অর্থনীতিতে এ ধরনের বিমা যে প্রভাব ফেলতে পারে তা হলো–
i. কর্মসংস্থান সৃষ্টি ii. রপ্তানি আয় বৃদ্ধি
iii. জাতীয় উৎপাদন বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৯. মি. B কোন ধরনের বিমা চুক্তি করেছেন?
ক) শস্য বিমা খ) স্বাস্থ্য বিমা
গ) দুর্ঘটনা বিমা ঘ) গবাদিপশু বিমা

৪০. মেরিন ইন্স্যুরেন্স আইন কত সালের?
ক) ১৯০৫ খ) ১৯০৬
গ) ১৯০৮ ঘ) ১৯০৯

১	গ	২	ঘ	৩	ক	৪	খ	৫	ক	৬	ঘ	৭	খ	৮	ঘ	৯	গ	১০	ক
২১	ঘ	২২	ঘ	২৩	গ	২৪	খ	২৫	খ	২৬	ক	২৭	খ	২৮	খ	২৯	ক	৩০	গ

১১	ক	১২	খ	১৩	ঘ	১৪	গ	১৫	গ	১৬	ক	১৭	খ	১৮	ঘ	১৯	খ	২০	ঘ
৩১	ঘ	৩২	খ	৩৩	খ	৩৪	গ	৩৫	ক	৩৬	ক	৩৭	খ	৩৮	ঘ	৩৯	ঘ	৪০	খ